

স্মারক নংঃ বশেমুরক্বি/প্রশা./ব্য:-৮২৪/২০১৭/১৬৭

তারিখ-২১/০১/২০২১

প্রেরক : রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৬।

প্রাপক : জনাব ইব্রাহিম রশিদ

সহকারী অধ্যাপক, ফিশারিজ বায়োলজি এন্ড অ্যাকুয়াটিক এনভায়রনমেন্ট বিভাগ

বশেমুরক্বি, গাজীপুর-১৭০৬।

মোবাইল: ০১৭২৮-৪০৭৩৫২

E-mail: ibrahim@bsmrau.edu.bd

বিষয়ঃ শিক্ষা ছুটি মঞ্জুর প্রসংগে।

উপরোক্ত বিষয়ে আপনার ০৩/০১/২০২১ তারিখের আবেদনের প্রেক্ষিতে এবং শিক্ষা ছুটি মঞ্জুরের বিষয়ে গঠিত কমিটির ৫৯ তম সভার সিদ্ধান্ত মোতাবেক আপনাকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন “বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশীপ ট্রাস্ট” এর অর্থায়নে University of Stirling, Stirling, FK9 4LA, Scotland, U.K-তে “Characterization of Commercial Probiotics Using for Aquaculture in Bangladesh to Improve Safety and Efficacy” শিরোনামে পিএইচডি প্রোগ্রামে অধ্যয়ন করিবার জন্য প্রাথমিকভাবে ০১/০২/২০২১ হইতে ৩১/০১/২০২৪ তারিখ পর্যন্ত মোট ০৩ (তিন) বছর পূর্ণগড় বেতনে শিক্ষা ছুটি মঞ্জুর করত: Scotland, U.K গমন ও তথায় অবস্থানের অনুমতি প্রদান করা হইল। ভবিষ্যতে সরকার/বশেমুরক্বি কর্তৃক শিক্ষা ছুটি সংক্রান্ত নতুন কোন সংশোধন/পরিবর্তন/পরিমার্জন আদেশ জারী করা হইলে উহা আপনার ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

শর্তাবলীঃ

- আপনি PhD প্রোগ্রামে অধ্যয়নের বিষয়/গবেষণার শিরোনাম এবং বর্ণিত প্রতিষ্ঠান/দেশ পরিবর্তন করিতে পারিবেন না।
- এতদসংক্রান্ত যাবতীয় ব্যয়ভার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন “বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশীপ ট্রাস্ট” কর্তৃক বহন করা হইবে। ইহাতে বশেমুরক্বি'র কোন আর্থিক সংশ্লেষ থাকিবে না।
- আপনি প্রচলিত অন্যান্য নিয়মাবলী অবশ্যই মানিয়া চলিবেন।
- আপনি Scotland, U.K পৌছানোর পর সেখানে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে আপনার নাম নিবন্ধন করিবেন। আপনার এই আদেশ কেবলমাত্র Scotland, U.K ভ্রমণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।
- আপনি অধ্যয়নকালীন প্রতি ৬ (ছয়) মাস পর পর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে আপনার অধ্যয়নের একটি অগ্রগতি প্রতিবেদন রেজিস্ট্রার, বশেমুরক্বি অনুকূলে প্রেরণ করিবেন।
- শিক্ষা ছুটি শেষে আপনি বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে রেজিস্ট্রার, বশেমুরক্বি বরাবর যোগদানপত্র দাখিল করিবেন। তৎসহ আপনার পিএইচডি সনদ, অভিসন্দর্ভ ও প্রকাশনাসমূহের এক কপি বশেমুরক্বি গ্রন্থাগার ও এক কপি রেজিস্ট্রার দপ্তরে সংরক্ষণের জন্য জমা দিবেন।
- শিক্ষা ছুটি চলাকালে আপনি যদি এমএস/পিএইচডি গবেষণালব্ধ ডাটা ব্যবহার করিয়া কোন পাবলিকেশন করেন, সেইক্ষেত্রে অথর (Author)-এর ঠিকানা হিসাবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়-এর নাম অবশ্যই উল্লেখ থাকিতে হইবে। উল্লেখ না থাকিলে উক্ত পাবলিকেশন পরবর্তী পদোন্নতি/পর্যায়োন্নয়ন-এর ক্ষেত্রে গ্রহণযোগ্য হইবে না।
- ডিগ্রি সমাপ্তিতে প্রদত্ত বন্ড অনুযায়ী আপনি এই বিশ্ববিদ্যালয়ে ৬ বছর চাকুরী করিতে বাধ্য থাকিবেন। আপনি বিশ্ববিদ্যালয়ে যোগদান/দেশে প্রত্যাবর্তন না করিলে, স্বেচ্ছায় ইন্তফা দিলে/অবসরে যাওয়ার আবেদন করিলে বিশ্ববিদ্যালয়কে শিক্ষা ছুটিকালীন আপনার আহরিত বেতন ও ভাতাদি ১০% সুদসহ ফেরত দিতে বাধ্য থাকিবেন। উপরন্তু শিক্ষা ছুটিকালীন আপনার পেনশনযোগ্য চাকুরীকাল বলিয়া বিবেচিত হইবে না।
- আপনি বিদেশ গমনের পূর্বে আপনার ব্যবহৃত অফিস কক্ষটি আপনার বিভাগীয় প্রধানের নিকট বুঝাইয়া দিবেন।

(মো. সিরাজুল ইসলাম তালুকদার)

রেজিস্ট্রার

ফোন-৯২০৫৩২৩

ই-মেইল: registrar@bsmrau.edu.bd

তারিখ-২১/০১/২০২১

স্মারক নংঃ বশেমুরক্বি/প্রশা./ব্য:-৮২৪/২০১৭/১৬৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল।

- সচিব, শিক্ষা/স্বরাষ্ট্র/পররাষ্ট্র/জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ট্রেজারার, বশেমুরক্বি।
- ডীন (গ্র্যাজুয়েট স্টাডিজ/কৃষি/ফিশারিজ/ভেটেরিনারি মেডিসিন এন্ড অ্যানিম্যাল সায়েন্স/কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন) অনুষদ, বশেমুরক্বি।
- মহা-পরিচালক, ইমিগ্রেশন এন্ড পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- নিয়ন্ত্রক (বৈদেশিক মুদ্রা), বৈদেশিক মুদ্রা বিনিময় বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শের-এ-বাংলা নগর, ঢাকা-১২০৭।
- পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- বিভাগীয় প্রধান, ফিশারিজ বায়োলজি এন্ড অ্যাকুয়াটিক এনভায়রনমেন্ট বিভাগ, বশেমুরক্বি।
- সহকারী রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর দপ্তর, বশেমুরক্বি।
- উপ-পরিচালক (অর্থ ও হিসাব), বশেমুরক্বি।
- কম্পিউটার প্রোগ্রামার, বশেমুরক্বি- বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
- সংশ্লিষ্ট নথিসমূহ/ ব্যক্তিগত নথি।

(নাসের সালেহ চৌধুরী)

উপ-রেজিস্ট্রার